গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট।

বিষয়ঃ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিরণী।

সভাপতি ঃ মোঃ নাজির হোসেন, উপজেলা নির্বাহী অফিসার

সভার তারিখ ঃ ১২/০৪/২০২৩ খ্রিঃ

সভার সময় ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার এর সম্মেলন কক্ষ।

উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

কমিটির সম্মনিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট বিষয়ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়। সম্মনিত সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপ:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | মজুদ পরিস্থিতি প্রসঙ্গেঃ<br>১০ এপ্রিল/২০২৩ খ্রিঃ পর্যন্ত হাতীবান্ধা উপজেলায় ডিলার পর্যায়ে সার মজুদের পরিমাণ যাথাক্রমে ইউরিয়া ৩২৫.৫০ মে.টন, টিএসপি ১৬৮.০০ মে.টন, ডিএপি ২৮.৯০ মে.টন এবং এমওপি ৪৪.১০ মে.টন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১০ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখে পূর্বে উত্তোলিত এবং ডিলারের নিকট মজুদকৃত সার পূর্ব নির্ধারিত মূল্যে কৃষক পর্যায়ে বিক্রয় নিশ্চিত করতে হবে। | ০১। উপজেলা কৃষি অফিসার<br>০২। কৃষি সম্প্রসারণ অফিসার<br>০৩। উপসহকারী কৃষি কর্মকর্তা<br>০৪। প্রতিনিধি, বিএফএ, হাতীবান্ধা |
| ০২ | সারের সুষ্ঠ বিতরণ প্রসঙ্গেঃ<br>বর্তমানে খরিপ-১/২০২৩ মৌসুমে সারের চাহিদা কম থাকায় কৃষকের যৌক্তিক চাহিদা অনুযায়ী সার বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। | চাহিদার অতিরিক্ত সার খুচরা সার ব্যবসায়ী এবং কীটনাশক এবং কৃষক পর্যায়ে বিতরণ করা যাবে না। | ০১। উপজেলা কৃষি অফিসার<br>০২। কৃষি সম্প্রসারণ অফিসার<br>০৩। উপসহকারী কৃষি কর্মকর্তা<br>০৪। প্রতিনিধি, বিএফএ, হাতীবান্ধা |
| ০৩ | ডিলার পয়েন্ট এ সার উত্তোলন প্রসঙ্গেঃ<br>প্রতিটি ইউনিয়নে নিয়োগকৃত ডিলারগণ নির্দিষ্ট ডিলার পয়েন্টে সার উত্তোলন করবেন এবং ইউনিয়নের কৃষকদের সরকার নির্ধারিত মূল্যে পাকা ক্যাশ ম্যামোর মাধ্যমে সার বিক্রয় করবেন। তাছাড়া প্রত্যক মাসের আগমনী বার্তা দেওয়ার সাথে সাথে মজুদ রেজিষ্টারে যথাযথ লিপিবদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। বিসিআইসি ডিলারগণ আমদানিকৃত নন ইউরিয়া সার নোয়াপাড়া এর পরিবর্তে নগরবাড়ি বা লালমনিরহাট বাফার গোডাউন থেকে বিতরণ করার বিষয়ে মতামত দেন। | প্রতিটি ইউনিয়নে নিয়োগকৃত ডিলারগণ নির্দিষ্ট ডিলার পয়েন্টে সার উত্তোলন করবেন এবং ইউনিয়নের কৃষকদের সরকার নির্ধারিত মূল্যে পাকা ক্যাশ ম্যামোর মাধ্যমে সার বিক্রয় করবেন। তাছাড়া প্রত্যেক মাসের আগমনী বার্তা দেওয়ার সাথে সাথে মজুদ রেজিষ্টারে যথাযথ লিপিবদ্ধ করবেন। প্রয়োজনে আমদানিকৃত নন-ইউরিয়া সার ডিলারগনের সমম্বয়ের মাধ্যমে একই পরিবহনে আনা যেতে পারে। কিন্তু কোনক্রমে উত্তোলন পয়েন্টে বা উপজেলার বাহিরে বিক্রয় করতে পারবেন না। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা কৃষি অফিসার<br>০৩। কৃষি সম্প্রসারণ অফিসার<br>০৪। উপসহকারী কৃষি কর্মকর্তা |
| ০৪ | সারের বিক্রয় মূল্য পুনর্নির্ধারণ প্রসঙ্গে।<br>১০ এপ্রিল ২০২৩ তারিখে ডিলারদের নিকট অবিক্রিত সারের মজুদ নির্ণয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও স্থানীয় পর্যায়ে বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনের একজন প্রতিনিধির সমম্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। | উক্ত কমিটি মজুদ নিরুপন করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরন করবেন। সারের মূল্য পুনর্নির্ধারণের পরে উত্তোলিত সার নতুন মূল্য তালিকা (ডিজিটাল লালশালু) অনুযায়ী স্বাভাবিক নিয়মে কৃষকদের পর্যায়ে বিতরণ করতে হবে। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা কৃষি অফিসার<br>০৩। কৃষি সম্প্রসারণ অফিসার<br>০৪। উপসহকারী কৃষি কর্মকর্তা |
| ০৫ | বাজার মনিটরিং প্রসঙ্গেঃ<br>সভাপতি মহোদয় বাজার মনিটরিং এর ব্যাপারে সতর্ক হওয়ার জন্য বিসিআইসি সার ডিলার, বিএডিসি সার ডিলার ও খুচরা সার ব্যবসায়ী দের প্রতি নির্দেশনা প্রদান করেন। অতিরিক্ত মূল্যে সার বিক্রয় না করার ব্যাপারে আলোচনা করা হয়। রোপা আমন মৌসুমে সারের সংকট যাতে না এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত না হয় সে ব্যাপারে আলোচনা করা হয়। | সার মনিটরিং সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের উপস্থিতিতে গাড়ী আনলোড বা গুদামে মজুদ যাচাই করে অফিসে আগমনী বার্তা প্রদান পূর্বক বিক্রয় নিশ্চিত করতে হবে। অতিরিক্ত মূল্যে সার বিক্রয় বা আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি হলে প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মোবাইল কোর্ট ও বাজার মনিটরিং জোরদার করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার<br>০২। উপজেলা কৃষি অফিসার<br>০৩। কৃষি সম্প্রসারণ অফিসার |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

Hossain
12/04/2023

(মোঃ নাজির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
ও
সভাপতি
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হাতীবান্ধা, লালমনিরহাট।

স্মারক নং ১২.১৮.৫২৩৩.০৪১.৩৯.০১১.১৩.৪০৪ তারিখঃ ১২/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ
১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, লালমনিরহাট।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অফিসার ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, লালমনিরহাট।

১৫/৪/২৩

(মোঃ সুমন মিয়া)
উপজেলা কৃষি অফিসার
হাতীবান্ধা, লালমনিরহাট
ও
সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
হাতীবান্ধা, লালমনিরহাট।

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরীত হলো:
১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, হাতীবান্ধা, লালমনিরহাট।
২। থানা ইনচার্জ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৩। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
৪। উপজেলা মৎস্য অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
৬। উপজেলা সমবায় অফিসার, হাতীবান্ধা, লালমনিরহাট।
৭। প্রতিনিধি বিএফএ, হাতীবান্ধা, লালমনিরহাট।
৮। সভাপতি, প্রেসক্লাব, হাতীবান্ধা, লালমনিরহাট।
৯। কৃষক প্রতিনিধি, হাতীবান্ধা, লালমনিরহাট।
১০। ............................................ সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, হাতীবান্ধা, লালমনিরহাট।

CamScanner